



বরাবর,
অফিসার ইনচার্জ
বামপুবা থানা
ডিএমপি, ঢাকা।

জিডি ট্র্যাকিং নং: [REDACTED]
জিডি নং: ১৫৩
তারিখ: ৩/০২/২০২৪

বিষয় : সাধারণ জায়েরী করার আবেদন প্রসঙ্গে।

জনাব,
আমি নিম্নস্বাক্ষরকারী [REDACTED], পিতা: [REDACTED], মাতা : [REDACTED], জাতীয় পরিচয় পত্র নং : (জাতীয় পরিচয় পত্র নাই), ঠিকানা(বর্তমান)- [REDACTED] থানা - খিলগাঁও, জেলা - ঢাকা মোবাইল নং - [REDACTED]।

গত দুদিন (01/02/2024-02/02/2024) যাবত কয়েকজন ব্যক্তি ([REDACTED]) আমাদের কোম্পানির অফিসিয়াল হোয়াটসঅ্যাপ নাম্বারে (01790111871) কল এবং মেসেজ দিয়ে তাদের কাছে পাঠানো অনলাইনে আয়ের প্রলোভন সংক্রান্ত ফ্রিনশট, মেসেজ শেয়ার করে। তারা আমাদের জানায় যে, বিয়ন্ড ব্রাকেট ডিজিটাল মার্কেটিং (Beyond Bracket Digital Marketing) কোম্পানিটি আমরা কিনা। তাছাড়া আমরা এধরনের সহজে আয়ের/কাজের প্রস্তাব দিচ্ছি কিনা।

সম্ভাব্য টার্গেট ভোক্তৃগীদের কাছ থেকে জানার পর আমরা বিষয়টি নিয়ে অধিকতর খোজখবর নেয়ার পর বুঝতে পারি যে, কতিপয় অসাধু ব্যক্তি আমাদের কোম্পানির নাম (Beyond Bracket Limited), ঠিকানা (House 42, Road 5, Block E, Banasree, Dhaka 1219), ওয়েবসাইট এড্রেস (<https://beyondbracket.com/>) ব্যবহার করে লোকজনকে অনলাইনে আয়ের জন্য প্রলোভন দেখাচ্ছে।

ওই অসাধু ব্যক্তির এসব নাম্বার থেকে (01326-024071, 01812-408463, 01301-140359, 01874-998096, 01831-737217, 01764-819126, 01607-219690) প্রথমে সম্ভাব্য টার্গেট ভোক্তৃগীদেরকে কিছু ইউটিউব চ্যানেল সাবস্ক্রাইব, লাইক, কমেট ইত্যাদি করতে বলছে। যার প্রেক্ষিতে তারা বিকাশ বা অন্য মাধ্যমে ক্রমত ১০০-৫০০ টাকা পর্যন্ত আয় হিসেবে দিচ্ছে। তারপর, অসাধু ব্যক্তির টার্গেট ভোক্তৃগীদেরকে বিভিন্ন রকম অংকের টাকা ইনভেস্ট করতে প্ররোচিত করছে এই বলে যে, খুব অল্প সময়ের মধ্যে বড় রকমের প্রফিটসহ টাকা ফেরত দিবে। এই সব অপরাধমূলক কর্মকান্ড পরিচালনার জন্য অসাধু ব্যক্তির হোয়াটসঅ্যাপ, টেলিগ্রামসহ বিভিন্ন অনলাইন মাধ্যম ব্যবহার করছে।

আমাদের কোম্পানি এ ধরনের কোনো রকম প্রতারণামূলক কর্মকান্ডের সাথে জড়িত নয়। আমাদের বাবসা ওয়েবসাইট, মোবাইল অ্যাপস-সহ নানারকম সফটওয়্যার ডেভলপ করা এবং ডিজিটাল মার্কেটিং সেবা দেয়া যা আমাদের ওয়েবসাইটে বিস্তারিত ব্যাখ্যা করা হয়েছে। প্রতারণা অপচেষ্টার বিষয়টি নজরে আসার সাথে সাথে আমাদের কোম্পানি ওয়েবসাইট, ফেসবুক পেজ, লিংকইন পেইজ থেকে আমাদের অবস্থান ব্যাখ্যা করা হয়েছে।

আমরা কাউকেই এরকম প্রলোভনমূলক অনলাইন চাকরি বা আয়ের জন্য প্রস্তাব দেই না। নিয়োগের ক্ষেত্রে সবসময় অফিসিয়াল নাম্বার, ইমেইল ঠিকানা, ওয়েবসাইট এবং অফিসিয়াল ফেসবুক পেইজসহ অন্যান্য সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এমতাবস্থায়, যেসব অসাধু ব্যক্তি আমাদের কোম্পানির নাম, ঠিকানা, ওয়েবসাইট ঠিকানা ইত্যাদি ব্যবহার করে আমাদের সুনাম নষ্ট করাসহ সাধারণ মানুষকে ধোকা দেয়ার চেষ্টা করছে।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়টি ভবিষ্যতের জন্য সাধারণ ডাইরীভুক্ত করিয়া রাখা একান্ত প্রয়োজন।

অতএব, উপরোক্ত বিষয়টি আপনার থানায় সাধারণ ডাইরীভুক্ত করিতে জনাবের মর্জি হয়।